মেহেরপুরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে আটক ১

মেহেরপুরে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে ২৭ পিচ হেরোইনসহ একজনকে আটক করা হয়।

আজ শনিবার (১৩ জুলাই) রাত ৯ টার দিকে এক মাদক বিরোধী অভিযান চালিয়ে মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর রাজধানীপাড়াস্থ মো: আকাশ স্টোরের সামনে থেকে এস এম আব্দুল ওয়াহাব রিপন (৩৩) কে আটক করা হয়েছে।

আটককৃত এস এম আব্দুল ওয়াহাব রিপন মেহেরপুর পৌরসভার ৮ নং ওয়ার্ড পুরাতন বাসষ্ট্যান্ড পাড়ার মৃত আব্দুল কুদ্দুসের ছেলে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানায়, মেহেরপুরের হরিরামপুরে মাদক পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে এস এম আব্দুল ওয়াহাব রিপরে দেহ তল্লাশী করে তার পরিহিত টাউজারের ডান পাশের পকেটে একটি ডারবি সিগারেটের প্যাকেটের ভিতর পলিথিন প্যাকেটের মধ্যে মোড়ানো ছোট বড় পুরিয়াসহ ২৭ (সাতাশ) টি হেরোইন পাওয়া যায়। যার ওজন-০৩ (তিন) গ্রাম ও উদ্ধারকৃত হেরোইনের আনুমানিক বাজার মূল্য-৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।

পরে মেহেরপুর সদর থানায় আটককৃতর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজুর করা হয়েছে।

গাংনীতে সাড়ে তিন কেজি গাঁজা সহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি দক্ষিণপাড়া গ্রাম থেকে মো: সাহিদুল ইসলাম(৪১) নামের এক মাদক ব্যবসায়ীকে সাড়ে তিন কেজি গাজা

সহ আটক করেছে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। আটককৃত মো: সাহিদুল ইসালাম গাংনী উপজেলার সাহারবাটি দক্ষিনপাড়া গ্রামের আব্দুল খালেকের ছেলে।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সুত্রে জানা গেছে,গোপন সংবাদের ভিত্তিতে সোমবার (২০ নভেম্বর) সকাল পৌনে আটটায় অধিদপ্তরের সহকারী উপ-পরিদর্শক রফিকুজ্জামান ও রুহল আমিনের নেতৃত্বে ৮ সদস্যের একটি টহল দল গাংনী থানাধীন সাহারবাটি দক্ষিণপাড়া গ্রামে আসামী সাহিদুল ইসলামের নিজ বাসভবনে তল্লাশি করে খাটের মাঝে বিশেষ ভাবে তৈরীকৃত বক্সের মধ্যে একটি প্লাস্টিকের বস্তার মধ্যে স্কসটেপ দিয়ে প্যাঁচানো ৪ টি পলিথিন প্যাকেটের মধ্যে সাড়ে তিন কেজি গাঁজা উদ্ধার ও জব্দ করে এবং আসামীকে গ্রেফতার করে। উদ্ধারকৃত গাজার আনুমানিক মূলা এক লক্ষ চল্লিশ হাজার টাকা।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক মো: আবুল হাশেম বলেন, ‘গোপন সংবাদের ভিত্তিতে একটি টহল দল সাক্ষিদের উপস্থিতিতে মেহেরপুর জেলার গাংনী থানাধীন সাহারবাটি দক্ষিণপাড়া গ্রামে গ্রেফতারকৃত আসামী মো: সাহিদুল ইসলামের বাড়িতে তল্লাশি করে বিক্রয়ের উদ্দেশ্যে রাখা সাড়ে তিন কেজি গাজা উদ্ধার ও জব্দ করে।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীকে গাংনী থানায় সোপর্দ করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের দুইটি ধারায় মামলা দায়ের করা হয়েছে। মামলাটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একজন কর্মকর্তা তদন্ত করবেন। ‘

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান আটক-১

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান ১ জনকে আটক করছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার বেলা সাড়ে এগারোটা সময় চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভুঁইয়া ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খান ও উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেন এর নেতৃত্বে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয় চুয়াডাঙ্গা, সদর থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করে আসামি মো:ইকবাল (৪৪), পিতা :মো: ফজলু মাষ্টার গ্রাম: সাদেক আলী মল্লিক পাড়া, থানা ও জেলা চুয়াডাঙ্গা কে চুয়াডাঙ্গা সদর থানাধীন সাদেক আলী মল্লিক পাড়াস্থ নিজ দখলীয় বসতঘর হইতে ৩ কেজি গাঁজা সহ তাকে গ্রেপ্তার করা হয়, উক্ত গ্রেফতারকৃত আসামীকে বিজ্ঞ নির্বাহী উপজেলা ম্যাজিস্ট্রেট ১ বছর ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান গাঁজা সহ আটক-১

চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয় থেকে অভিযান পরিচালনা করা হয়েছে। এ সময় গাঁজা সহ ১মাদক ব্যবসায়িকে আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

শনিবার সকাল সাড়ে নয়টার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার শামীম ভুঁইয়া ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খান, উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেন এর নেতৃত্বে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয় চুয়াডাঙ্গা সদর থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করে আসামি মো:মুনছুর আলী (৪৫) পিতা মৃত:গোপাল শেখ, গ্রাম:হকপাড়া , থানা:চুয়াডাঙ্গা সদর জেলা:চুয়াডাঙ্গা কে চুয়াডাঙ্গা সদর থানাধীন হক পাড়া গ্রামস্থ মো: গোলাম মোস্তফার বসতবাড়ির দক্ষিণ পাশে গলি রাস্তায় আসামিকে ঘেরাও পূর্বক আটক করে ০২ কেজি গাঁজা সহ তাকে গ্রেপ্তার করা হয় উক্ত গ্রেফতারকৃত আসামীকে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার

শামীম ভূইয়া ০১ বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান আটক-২

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান পরিচালনা করা হয়েছে। আজ মঙ্গলবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেন এর নেতৃত্বে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয় হতে চুয়াডাঙ্গা সদর থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করা হয়।

এসয় চুয়াডাঙ্গা সদর থানা এলাকা দৌলতদিয়ার চুনুরিপাড়া হতে আসামি মো:রফিক (৪৫) পিতা- মৃত ফজলুল হক কে চুয়াডাঙ্গা সদর থানাধীন দৌলতদিয়ার টিটু মিয়ার চায়ের দোকানের সামনে হইতে ০২ এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশন সহ গ্রেপ্তার করা হয় উক্ত গ্রেফতারকৃত আসামীকে চুয়াডাঙ্গা সদর উপজেলা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ০১ বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য

নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান গাঁজাসহ আটক-১

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান গাঁজাসহ আকাশ(২২) নামের একজনকে আটক করা হয়েছে।

এ সময় ভ্রাম্যমাণ আদালতে আকাশ হোসেন (২২) নামের এই মাদক কারবারিকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে ২ কেজি গাঁজাসহ আটকের পর চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শামীম ভুইয়া ভ্রাম্যমাণ আদালতে তাকে এ সাজা দেন৷ সাজাপ্রাপ্ত আকাশ হোসেন চুয়াডাঙ্গা শহরতলীর দৌলতদিয়ার বঙ্গজ পাড়া গ্রামের আলী হোসেনের ছেলে।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা গেছে, বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ টায় নির্বাহী ম্যাজিস্ট্রেট শামীম ভুইয়ার নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক আকবর হোসেন ও সাহারা ইয়াসমিন সঙ্গীয় ফোর্স নিয়ে আকাশ হোসেনের বাড়িতে অভিযান চালিয়ে ২ কেজি গাঁজাসহ তাকে আটক করে।

পরে উপজেলা নির্বাহী অফিসার শামীম ভুইয়া ভ্রাম্যমাণ আদালতে আকাশ হোসেনকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড ও নগদ ১শ’ টাকা জরিমানা করেন।সাজাপ্রাপ্ত আকাশ হোসেনকে জেলা কারাগারে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে আটক-৩

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান পরিচালনা করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেল সাড়ে তিনটার সময় চুয়াডাঙ্গা

সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মোঃ মাজহারুল ইসলাম ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শরীয়তুল্লাহ ও উপরিদর্শক আকবর হোসেন এবং উপপরিদর্শক সাহারা ইয়াসমিন এর নেতৃত্বে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয় হতে চুয়াডাঙ্গা থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করে আসামি মো:রাকিব (৩০), পিতা মো:বজলুর রহমান সাং বেলগাছী মুসলিমপাড়া থেকে সদর থানাধীন শান্তিপাড়া ফুল চাদের আম বাগানে মধ্যে হইতে আসামির দেহ তল্লাশি করে ৫০ গ্রাম গাঁজা সহ গ্রেপ্তার করা হয় উক্ত গ্রেফতারকৃত আসামীকে নির্বাহী ম্যাজিস্ট্রেট ০৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ২০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

অপরদিকে বিভাগীয় স্টাফদের সমন্বয়ে চুয়াডাঙ্গা থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করে আসামি মোছা: সেলিনা বেগম (২৭) স্বামী মিন্টু শান্তিপাড়া হতে এবং অপর পলাতক আসামি মোছা: শিপ্রা বেগম(৬০) স্বামী: মো: বাবুল সাং: বুজরুক গড়গড়ি বুদ্ধিমান পাড়া চুয়াডাঙ্গা কে সদর থানাধীন শান্তিপাড়া গ্রামস্থ নিজ দখলীয় বসতঘর হইতে ৫০৬ পিচ ইয়াবা ট্যাবলেট ও হিরোইন ০২ গ্রাম এবং ট্যাপেন্ডা ট্যাবলেট ২০ পিচ উদ্ধার করা হয় , উক্ত আসামিদের বিরুদ্ধে চুয়াডাঙ্গা থানায় একটি নিয়মিত মামলা দায়ের প্রক্রিয়া চলছে।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান, ৩ জনের কারাদণ্ড

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পৃথক অভিযানে ১১০ লিটার তাড়ি ও ২০ গ্রাম গাঁজাসহ ৩ জনকে গ্রেফতার করেছে। পরে তাদের ভ্রাম্যমান আদালত বসিয়ে ৩ জনের বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দেওয়া হয়েছে। দন্ডপ্রাপ্তরা হলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলার শান্তিপাড়ার হানিফ (২০), সাতগাড়ী পুরাতনপাড়ার মুকুল মালিথা (৬৫) ও গোপীনাথপুরের বদর মন্ডল (৩৮)।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর চুয়াডাঙ্গা কার্যালয় সুত্রে

জানাযায়, গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ টার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভুঁইয়ার নেতৃত্বে চুয়াডাঙ্গা জেলা কার্যালয়

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তারা চুয়াডাঙ্গা থানাধীন বিভিন্ন এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এ অভিযানে চুয়াডাঙ্গা সদর থানাধীন ফুড গোডাউনের পূর্ব পাশে অভিযান চালিয়ে শান্তিপাড়ার মৃত: কাজেরের ছেলে হানিফকে (২০) আটকের পর তার দেহ তল্লাশি করে ২০ গ্রাম গাজাঁ উদ্ধার সহ তাকে গ্রেপ্তার করা হয়।

এসময় ঘটনাস্থলে ভ্রাম্যমান আদালত বসিয়ে তাকে ১ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০ টাকা অর্থদণ্ড প্রদান করে আসামীকে জেল হাজতে প্রেরণ করেন। গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪ টার দিকে চুয়াডাঙ্গা আদালতের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ সাদাত হোসেন নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাদক বিরোধী অভিযান চালায় চুয়াডাঙ্গা সদর উপজেলার সাতগাড়ি গ্রামের মান্দার মাঠে আরিফুলের খেজুর বাগানের মধ্যে। অভিযানিকদল ঘটনাস্থল থেকে ৬০ লিটার তাঁড়ি সহ আটক করা হয় চুয়াডাঙ্গা সদর উপজেলার সাতগাড়ী পুরাতনপাড়ার মৃত: আজাহার মালিথার ছেলে মুকুল মালিথাকে (৬৫)।

এসময় ঘটনাস্থলে আসামী মুকুল মালিথাকে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন চুয়াডাঙ্গা আদালতের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ সাদাত হোসেন। গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫ টার দিকে চুয়াডাঙ্গা আদালতের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ সাদাত হোসেন নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয়ের কর্মকর্তার মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন, চুয়াডাঙ্গা থানাধীন সাতগাড়ি গ্রামের মান্দার মো: খোকা বিশ্বাসের বসতবাড়ি সামনে খেজুর বাগানের মধ্যে।

উক্ত স্থান হতে ৫০ লিটার তাঁড়িসহ গ্রেপ্তার করা হয় চুয়াডাঙ্গা সদর উপজেলার গোপীনাথপুর গ্রামের মৃত: মাদার মন্ডলের ছেলে বদর মন্ডলকে (৩৮)। এসময় ঘটনাস্থলে ভ্রাম্যমান আদালতে বদর মন্ডলকে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণের আদেশ প্রদান করেন বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ সাদাত হোসেন।

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পৃথক অভিযানে মাদকসহ আটক-৪

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পৃথক,পৃথক অভিযান পরিচালনা করে মাদক উদ্ধার সহ ৪ মাদক ব্যাবসায়ীকে আটক করা হয়। আটককৃত মাদক ব্যাবসায়ীদের ভ্রাম্যমান আদালতে বিভিন্ন মেয়াদে কারাদন্ড দেওয়া হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন জানান, গতকাল বুধবার সকাল হতে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ শামীম ভুইয়া ও জেলা বিজ্ঞ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেটে ও সহকারি কমিশনার মোঃ সাদাত হোসেন এর নেতৃত্বে পৃথক,পৃথক স্থানে অভিযান পরিচালনা করা হয়।

এ অভিযানে দুপুর সাড়ে ১২ টার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভুইয়ার নের্তৃত্বে চুয়াডাঙ্গা সদর থানাধীন সাতগাড়ি নিজ দলীয় খেজুর বাগানে অভিযান চালিয়ে ২০ লিটার তাড়ি উদ্ধার সহ গ্রেপ্তার করা হয় সাতগাড়ি গ্রামের পুরাতন পাড়ার মৃত ভোলা বিশ্বাসের ছেলে রওশন আলী বিশ্বাসকে (৫৫)।

এসময় ঘটনাস্থলেই ভ্রাম্যমান আদালত বসিয়ে তাড়ি সহ আটক ব্যাক্তিকে ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ২০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

এরপর দুপুর দেড়টার দিকে একই অভিযানিক দল সাতগাড়ি নিজ দলীয় খেজুর বাগান হতে ৩০ লিটার তাড়ি সহ সাতগাড়ি গ্রামের পুরাতন পাড়ার আকছেদ আলী মন্ডলের ছেলে মো:জিনারুল মন্ডলকে (৪০) আটক করা হয়। আটককৃতর বিরুদ্ধে ঘটনাস্থলে ভ্রাম্যমান আদালত বসিয়ে ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ২০০ টাকা অর্থদন্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।
এ দুটি ভ্রাম্যান আদালত পরিচালনা ও রায় প্রদান করেন আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার

মোঃ শামীম ভুইয়া। একইদিন বিকাল ৩ টার দিকে চুয়াডাঙ্গা বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটে ও সহকারি কমিশনার মোঃ সাদাত হোসেন এর নেতৃত্বে জেলার দামুড়হুদা থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করে দামুড়হুদার কার্পাসডাঙ্গার ভূমিহীন পাড়ার মৃত লিয়াকত আলীর ছেলে আসমান আলীর নিজ বসতঘর হইতে ৪১০ গ্রাম গাঁজা সহ গ্রেপ্তার করা হয় আসমান আলীকে (৪০)। ঘটনা স্থলে আটককৃত আসামীকে ভ্রাম্যমান আদালতে ৬ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ১০০ টাকা অর্থদন্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

এ ভ্রাম্যমান আদালত পরিচালনা ও রায় প্রদান করেন আদালতের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারি কমিশনার মোঃ সাদাত হোসেন। সর্বশেষ বিকাল ৫ টার দিকে চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভাগীয় স্টাফদের সমন্বয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দামুড়হুদার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুরকুল্লা গ্রামের মাঠপাড়ায়।

এসময় মাঠপাড়ার হারুন-অর-রশিদের ছেলে সজীব মোল্লার বাড়ির বসত ঘরে অভিযান পরিচালনা করে ৩ বোতল আমদানী নিষিদ্ধ ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেন। এসময় মাদক উদ্ধার সহ আটক করা হয় মাদক ব্যাবসায়ী সজীব মোল্লাকে (২২)।

পরে আটককৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক দামুড়হুদা থানায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়।

দর্শনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে আটক ২

দর্শনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর পৃথক দুটি মাদক বিরোধী অভিযান চালিয়েছে। এ অভিযানে দর্শনা ঈশ্বরচন্দ্রপুরে দু’সহদর রাজ্জাক ও ওয়াসীমকে মাদক সহ আটক করা হয়েছে। এদের মধ্যে একজনকে ইয়াবা ও অপরজনকে ফেনসিডিল সহ আটক করা হয়।

চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আব্দুল্লাহ